প্রধানমন্ত্রীর সঙ্গে জাপানি প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ



ছবি: সংগৃহীত

বাংলাদেশে জাপানি বিনিয়োগ, দ্বিপক্ষীয় বাণিজ্য ও প্রযুক্তি হস্তান্তর বাড়াতে সহযোগিতা চেয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার জাপানের স্থানীয় সময় বেলা ৩টায় জাপান-বাংলাদেশ সংসদীয় মৈত্রী লীগের প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকে তিনি এ আহ্বান জানান। প্রতিনিধিদলের নেতৃত্ব দেন জাপানের সাবেক প্রধানমন্ত্রী ও সংগঠনটির সভাপতি তারো আসো।

প্রধানমন্ত্রীর উপপ্রেস সচিব শাহাদাৎ হোসেন স্বাধীন জানান, বৈঠকে দুই দেশের রাজনৈতিক ও অর্থনৈতিক সম্পর্ক জোরদার নিয়ে আলোচনা হয়। বাংলাদেশ-জাপান সম্পর্ক উন্নয়নে দীর্ঘদিনের ভূমিকার জন্য তারো আসোকে ধন্যবাদ জানান তারেক রহমান। ২০০৬ সালে জাপান সফরে তাঁর সঙ্গে সাক্ষাতের স্মৃতিও তুলে ধরেন প্রধানমন্ত্রী।

তারো আসো বলেন, বাংলাদেশের তরুণ জনগোষ্ঠী ও রাজনৈতিক স্থিতিশীলতা জাপানি বিনিয়োগের জন্য অনুকূল পরিবেশ তৈরি করেছে। জাপানের কোম্পানিগুলো বাংলাদেশে বিনিয়োগে আগ্রহী।

তারেক রহমান জানান, বিদেশি বিনিয়োগ আকর্ষণে সরকার ব্যবসাবান্ধব পরিবেশ তৈরি এবং প্রয়োজনীয় আইনি পরিবর্তনের উদ্যোগ নিয়েছে। বাংলাদেশ-জাপান অর্থনৈতিক অংশীদারত্ব চুক্তির (ইপিএ) পরিপ্রেক্ষিতে বিনিয়োগ, বাণিজ্য ও প্রযুক্তি সহযোগিতা বাড়াতে তারো আসোর সহায়তা চান তিনি। দক্ষ মানবসম্পদ গঠনেও জাপানের সহযোগিতা কামনা করেন প্রধানমন্ত্রী।

বৈঠকে বাংলাদেশের অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীসহ মন্ত্রী, উপদেষ্টা ও ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। জাপানের পক্ষে ছিলেন সাবেক মন্ত্রী ইয়াসুতোশি নিশিমুরা, দেশটির ভূমি, অবকাঠামো, পরিবহন ও পর্যটনমন্ত্রী তাতসুনোরি ইবায়াশি এবং সংসদের জ্যেষ্ঠ সদস্যরা।